121

দৈনিক ইনকিলাব

তারিখ ... APR 30 1999
পৃষ্ঠা 2 কলাম 7

# ২ মে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র দলের ডাকে ধর্মঘট

স্টাফ রিপোর্টার ঃ জাতীয়বাদী ছাত্র দল আগামী ২ মে রবিবার সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহবান করেছে। ছাত্র সমাজের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্র দলের মিছিলে পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে ছাত্র দল এই ধর্মঘটের ডাক দিয়েছে। ইতোপূর্বে ২৯ এপ্রিল এই ধর্মঘট হবার কথা থাকলেও

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ছাত্রদলের ডাকে ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

সরকারী ছুটির দিন হওয়ায় তা ২ মে পিছিয়ে দেয়া হয়।

ছাত্র দল সভাপতি হাবিবুন্নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু এক বিবৃতিতে ছাত্র মিছিলে হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালনের জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়েছেন।